


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
২৩-২৪, বিএফডিসি ভবন
কারওয়ান বাজার, ঢাকা।
www.flid.gov.bd

তথ্য দপ্তরের “তথ্য অধিকার আইন বিষয়ে” জনসচেতনতামূলক লিফলেট বিতরণ

তথ্য অধিকার আইন বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনার ১.৫ এ বর্ণিত কাজের অংশ হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর গত ২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দে কুমিল্লা জেলা ও নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলায় লিফলেট বিতরণ করেন। তথ্য অধিকার আইন বিষয়ক এ প্রচার কার্যক্রম কুমিল্লা জেলার সদর উপজেলায় সকাল ১১ ঘটিকা হতে দুপুর ১.৩০ মিনিট পর্যন্ত চলে। তথ্য কর্মকর্তা (মৎস্য) জনাব মাহবুবা খানম এর নেতৃত্বে প্রচার কার্যক্রমে অংশগ্রহণ করেন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান কার্যালয় ও কুমিল্লা আঞ্চলিক অফিসের মোট ২২ জন কর্মকর্তা কর্মচারী। সরকারি অফিস থেকে এ ধরনের উপকারি লিফলেট হাতে পেয়ে তারা মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ভূয়সী প্রশংসা করেন। কুমিল্লা সদর উপজেলার সাব্বির হোসাইন নামে একজন খামারী বলেন, যেকোন সরকারি অফিসে যে এত সহজভাবে তথ্য পাওয়া যায় তা আমি জানতাম না। এ ধরনের লিফলেট পেয়ে আমি জানতে পেরেছি সরকারি অফিসে না গিয়েও ঘরে বসে থেকে আবেদন ফরম পূরণ করে সহজে যে কোন সরকারি অফিসের তথ্য পাওয়া যায়। তথ্য দপ্তরের এ ধরনের জনসচেতনতামূলক কার্যক্রমকে আমি ধন্যবাদ জানাই। পরবর্তীতে উপকূলীয় জেলা নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় বিকাল ৩.০০ ঘটিকা হতে ৫.০০ ঘটিকা পর্যন্ত লিফলেট বিতরণ করেন তথ্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা।


২৫/০৫/২৩
(মো. সামিউল আলম)

গণযোগাযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।


২৫/০৫/২০২৩
(মাহবুবা খানম)

তথ্য কর্মকর্তা (মৎস্য)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

